এনাটমিক্যাল সোসাইটি অব বাংলাদেশ-এর সংক্ষিপ্ত ইতিহাস

বাংলাদেশে বিভিন্ন পেশাজীবি সংগঠনের ন্যায় বেসিক মেডিকেল সায়েন্সেস এর এনাটমি বিষয়ের শিক্ষকদের তথা এনাটমিস্টদের সংগঠন ‘এনাটমিক্যাল সোসাইটি অব বাংলাদেশ’আজ সুপরিচিত।

স্বাধীনতা উত্তর বাংলাদেশে এনাটমি বিষয়ে হাতে গোনা কয়েকজন এনাটমিস্ট তাঁদের মেধা-মননে এনাটমির মত একটি নিরস বিষয়কে শিক্ষকতার জন্য বেছে নিয়ে মেডিকেল শিক্ষায় যে অবদান রেখেছেন তা স্মরণীয় হয়ে থাকবে, তাঁরা হলেন সর্বজন শ্রদ্ধেয় প্রয়াত অধ্যাপক এস আই এম জি মান্নান,অধ্যাপক আবুল কাশেম, প্রয়াত অধ্যাপক আব্দুল বারী এবং অধ্যাপক এ কে এম আব্দুস সালাম প্রমূখ। তাঁদের পথ ধরে পরবর্তীতে প্রয়াত অধ্যাপক দ্বীজেন্দ্র চন্দ্র দে, অধ্যাপক শহীদুল্লাহ ,অধ্যাপক ওয়ালিউল বারী ,অধ্যাপক এ কে শামসুদ্দীন সিদ্দিকী এবং অধ্যাপক এম এইচ মল্লিক,অধ্যাপক এম এ হাই ফকীর ,অধ্যাপক হারুন অর রশীদ,অধ্যাপক গুলশান আরা,অধ্যাপক ফারুক আহমেদ প্রমুখ এই পেশায় নিজেদেরকে নিয়োজিত রেখেছেন এবং আজও অনেকের কাছে শ্রদ্ধেয় শিক্ষক হিসেবে অন্তরে জায়গা করে নিয়েছেন।

এই টি ১৯৯৩ সালের কথা, যখন বাংলাদেশের বিভিন্ন মেডিকেল কলেজে কর্মরত এনাটমিস্টগণ নিজেদের মাঝে ভাব বিনিময় এবং একটি সংগঠন করার তাগিদ অনুভব করেন। সে সময় অপেক্ষাকৃত নবীণ এনাটমিস্টদের মধ্যে ডাঃ মোঃ মোতাহার হোসেন, ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ , ডাঃ গাজী আব্দুল হক, ডাঃ শাহ আলম তালুকদার প্রমুখ এর নাম উল্লেখযোগ্য। তাঁরা প্রবীণ এবং অপেক্ষাকৃত জ্যেষ্ঠ এনাটমিস্টগণের সাথে ভাব বিনিময়ের মাধ্যমে একটি সংগঠন দাঁড় করার প্রয়াস পান । সে মতে ১৯৯৩ সালের ১৩ই ডিসেম্বর তৎকালীন আই, পি, জি, এম, এন্ড আর এর এনাটমি বিভাগে এনাটমিস্টদের একটি সভা আহবান করা হয় । সভায় সভাপতিত্ব করেন প্রবীণ

এনাটমিস্ট অধ্যাপক এস আই এম জি মান্নান। সভায় সর্বসম্মতিক্রমে সংগঠনের নাম করন করা হয় এনাটমিক্যাল সোসাইটি অব বাংলাদেশ। এছাড়া সভায় সোসাইটির রূপরেখা, সাংগঠনিক কাঠামো , এনাটমিস্টদের সমস্যা এবং সমাধানের উপায় সমুহ এবং অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করেন অধ্যাপক আবুল কাশেম , অধ্যাপক এম এ হাই ফকির , অধ্যাপক এ কে শামসুদ্দীন সিদ্দিকী , অধ্যাপিকা গুলশান আরা , অধ্যাপিকা হোসনে আরা বেগম, ডাঃ গাজী আব্দুল হক , ডাঃ মোঃ মোতাহার হোসেন , ডাঃ শামীম আরা, ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ , ডাঃ মোঃ শাহ আলম তালুকদার , ডাঃ সফিক হায়দার খাঁন, ডাঃ মোঃ মাহবুবুল করিম প্রমুখ। সভায় এনাটমিস্টগণের নিজেদের মধ্যে সম্প্রীতি ,সহমর্মীতা ও সৌহার্দ্য স্হাপন, একাডেমিক কর্মকান্ড তথা সেমিনার ,ওয়ার্কশপ ইত্যাদির মাধ্যমে এনাটমিস্টদের পেশাগত উন্নয়নে অবদান রাখা, এনাটমিস্টদের স্বার্থ সংরক্ষন ও মর্যাদা বৃদ্ধিতে স্বচেস্ট থাকা, দেশে –বিদেশে বিভিন্ন পেশাজীবি সংগঠনের সাথে যোগাযোগ রেখে জ্ঞানের আধুনিকায়নে ভূমিকা রাখা ইত্যাদি বিষয়কে সামনে রেখে পনেরো সদস্য বিশিষ্ট একটি আহবায়ক কমিটি গঠন করা হয় যা নিম্নরূপ

আহবায়ক কমিটি-১৯৯৩

আহবায়ক অধ্যাপক এ কে শামসুদ্দিন সি্দ্দিকী, মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর

যুগ্মআহবায়ক অধ্যাপক এম এ হাই ফকির, বিভাগীয় প্রধান এনাটমি, আই পি জি এম এন্ড আর

অধ্যাপিকা গুলশান আরা, বিভাগীয় প্রধান এনাটমি, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ সিলেট

সদস্য সচিব ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ, সহকারী অধ্যাপক ,এনাটমি ঢাকা মেডিকেল কলেজ ,

ঢাকা

কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ হারুন অর রশীদ , বিভাগীয় প্রধান , এনাটমি, ঢাকা মেডিকেল কলেজ , ঢাকা

- সদস্যবৃন্দ

অধ্যাপক এস আই এম জি মান্নান , বিভাগীয় প্রধান , এনাটমি, মেডিকেল কলেজ ফর উইমেন উত্তরা , ঢাকা

অধ্যাপক আবুল কাশেম , অবসরপ্রাপ্ত অধ্যাপক, এনাটমি,

অধ্যাপক এ কে এম আব্দুস্ সালাম , অবসরপ্রাপ্ত অধ্যাপক, এনাটমি,

অধ্যাপক দিজেন্দ্র চন্দ্র দে , বিভাগীয় প্রধান , এনাটমি, ময়মনসিংহ মেডিকেল কলেজ ,ময়মনসিংহ

অধ্যাপক ফারুক আহমেদ , বিভাগীয় প্রধান , এনাটমি,চট্টগ্রাম মেডিকেল কলেজ , চট্টগ্রাম

অধ্যাপক এ এস এম হাবিবুর রহমান , বিভাগীয় প্রধান , এনাটমি, শেরেবাংলা মেডিকেল কলেজ , বরিশাল

ডাঃ গাজী আব্দুল হক , সহকারী অধ্যাপক , এনাটমি, ঢাকা মেডিকেল কলেজ , ঢাকা

ডাঃ মোঃ মোতাহার হোসেন , সহকারী অধ্যাপক , এনাটমি, ঢাকা মেডিকেল কলেজ , ঢাকা

ডাঃ এস এম আকরাম হোসেন ,সহকারী অধ্যাপক, এনাটমি, রাজশাহী মেডিকেল কলেজ , রাজশাহী

ডাঃ শাহ আলম তালুকদার ,সহকারী অধ্যাপক, এনাটমি, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ , ঢাকা

এই কমিটি পরবর্তীতে সোসাইটির গঠনতন্ত্র তৈরী ও অন্যান্য সাংগঠনিক কার্যাদি সম্পন্ন করে ১৯৯৫ সালের মার্চ মাসে প্রথম বার্ষিক সম্মেলন ও সাধারন সভার আয়োজন করে। এই সম্মেলন অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশের এনাটমিস্টদের মাঝে উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যায়। এনাটমিস্টরা যেন নিজেদের কথা বলার এবং ন্যায়সঙ্গত দাবীদাওয়া উত্থাপনের একটি প্লাটফর্ম পেয়ে যায়। সাধারণ সভার মাধ্যমে একটি পূর্নাঙ্গ কমিটি নির্বাচন করা হয় যা নিম্নরূপ

প্রথম কার্যকরী পরিষদ-১৯৯৫

- সভাপতি

অধ্যাপক এম এ হাই ফকির,

বিভাগীয় প্রধান এনাটমি, আই পি জি এম এন্ড আর

- সহসভাপতি

অধ্যাপিকা গুলশান আরা,

যুগ্মসচিব ,মহিলা শিশু বিষয়ক মন্ত্রনালয় ,বাংলাদেশ সচিবালয় ঢাকা

- মহাসচিব

ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ,

সহযোগী অধ্যাপক ,এনাটমি , স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ , ঢাকা

- কোষাধ্যক্ষ

অধ্যাপক মোঃ হারুন অর রশীদ ,

বিভাগীয় প্রধান , এনাটমি, ঢাকা মেডিকেল কলেজ , ঢাকা

- যুগ্মসচিব

ডাঃ মো মাহবুবুল আরেফিন

প্রভাষক , এনাটমি ,স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ , ঢাকা

- সাংগঠনিক সম্পাদক

ডাঃ মোঃ মোতাহার হোসেন

সহযোগী অধ্যাপক , এনাটমি, ঢাকা মেডিকেল কলেজ , ঢাকা

- বিজ্ঞান বিষয়ক সম্পাদক

ডাঃ শামীম আরা

সহযোগী অধ্যাপক ,এনাটমি , স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ , ঢাকা

- দপ্তর সম্পাদক

ডঃ নূর আকতার

সহকারী অধ্যাপক এনাটমি, মেডিকেল কলেজ ফর উইমেন উত্তরা , ঢাকা

- প্রচার সম্পাদক

ডাঃ নুরুল ইসলাম

কিউরেটর এনাটমি,চট্টগ্রাম মেডিকেল কলেজ , চট্টগ্রাম

- সংস্কৃতি ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাক

শামীমা পারভীন লস্কর

প্রভাষক , এনাটমি ,বাংলাদেশ মেডিকেল কলেজ , ঢাকা

- সদস্যবৃন্দ

অধ্যাপক এ কে শামসুদ্দিন সিদ্দিকী,

মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর

অধ্যাপক এস আই এম জি মান্নান ,

বিভাগীয় প্রধান , এনাটমি, মেডিকেল কলেজ ফর উইমেন উত্তরা , ঢাকা

অধ্যাপক আবুল কাশেম ,

অবসরপ্রাপ্ত অধ্যাপক, এনাটমি,

অধ্যাপক এ কে এম আব্দুস্ সালাম ,

বিভাগীয় প্রধান এনাটমি, পাইওনিয়ার ডেন্টল কলেজ ,ঢাকা

অধ্যাপক ফারুক আহমেদ

বিভাগীয় প্রধান , এনাটমি,চট্টগ্রাম মেডিকেল কলেজ , চট্টগ্রাম

অধ্যাপক এ এস এম হাবিবুর রহমান

বিভাগীয় প্রধান , এনাটমি, শেরেবাংলা মেডিকেল কলেজ , বরিশাল

ডাঃ গাজী আব্দুল হক ,

সহকারী অধ্যাপক , এনাটমি, থিওল মেডিকেল কলেজ , ঢাকা

ডাঃ সুবীর কুমার সরকার

সহকারী অধ্যাপক ,এনাটমি, দিনাজপুর মেডিকেল কলেজ ,দিনাজপুর

ডাঃ এস এম আকরাম হোসেন ,

সহযোগী অধ্যাপক, এনাটমি, রাজশাহী মেডিকেল কলেজ , রাজশাহী

এই নির্বাচিত কমিটির মাধ্যমেই এনাটমিক্যাল সোসাইটি অব বাংলাদেশ এনাটমিস্টদের একটি পূর্নাঙ্গ সংগঠনরূপে আত্বপ্রকাশ করে এবং এনাটমিস্টদের ‘ঐক্য ও আশা-আকাংখার প্রতীক’ রূপে নিজস্ব পরিচয়ে পথ চলা শুরু করে।

এ ভাবে ১৯৯৬, ১৯৯৮, ২০০০, ২০০২, ২০০৫ এবং ২০০৯ সালে যথাক্রমে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম সম্মেলন এবং সাধারন সভা অনুষ্ঠিত হয়। সপ্তম সম্মেলনের সাধারণ সভায়

গঠনতন্ত্র সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে কার্যকরী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক অধ্যাপক ডাঃ মোতাহার হোসেনের সভাপতিত্বে চার সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। সদস্য-সচিব ডাঃ শাহনাজ বেগম এবং সদস্য অধ্যাপক গাজী আব্দুল হক এবং ডাঃ হাসিনা বেগম অন্তর্ভুক্ত হন।এই কমিটি গঠনতন্ত্রের সংশোধন এবং সংযোজন করে কার্যকরী পরিষদে উপস্থাপন করে। পরবর্তীতে ২০১০ সালে সাধারণ সভায় এনাটমিক্যাল সোসাইটি অব বাংলাদেশ-এর সংশোধিত গঠনতন্ত্র গৃহীত হয়।

প্রথম সম্মেলন থেকে আজ অবধি এর কলেবর বৃদ্ধি পেয়ে চলেছে। প্রথম সম্মেলনে যেখানে ০৭ জন আজীবন এবং ৩০ জন সাধারণ সদস্য নিয়ে সোসাইটি যাত্রা শুরু করেছিল সেখানে আজ অষ্টম সম্মেলনে ১৩৫ জন আজীবন ও ১৯০ জন সাধারণ সদস্য সোসাইটির কর্মকান্ডের সঙ্গে জড়িত। সম্মানিত সদস্যগণ আজ এনাটমি-পরিবার হিসেবে পারস্পরিক সম্প্রীতি ও সহমর্মীতার স্বাক্ষর রেখে এনাটমি শিক্ষকতায় এবং গবেষণাকর্মে নিয়োজিত আছেন। এছাড়া সোসাইটির সম্মানিত সদস্য তথা এনাটমিস্টগণ তাঁদের মেধা, সততা ও যোগ্যতা দিয়ে এনাটমি শিক্ষার আধুনিকায়নের পাশাপাশি মেডিকেল প্রশাসনের উচ্চ পর্যায়ে অতীতে এবং বর্তমানেও অবদান রেখে চলেছেন।